

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৬.২০১৩-(১ম খন্ড)-০৭

তারিখ : ০৫/০১/২০১৭ খ্রি :

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, “সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন”, শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি এবং ডিপিপি’র অব্যয়িত অর্থের আলোকে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তির অর্থছাড়।

জনাব,


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ২৫/০৯/২০১৬ তারিখের নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৬.২০১৩-(১ম খন্ড)-১৭৯ সংখ্যক সরকারি তাদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে, “সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন”, (কোড নং-৫-২৭১১-৫২৩০) শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তিতে-(রাজস্ব-১.৭৯+মূলধন-৯৭৫.০০)=৯৭৬.৭৯ লক্ষ-(নয় কোটি ছিয়াত্তর লক্ষ উনাশি হাজার) টাকা নিম্নোক্তভাবে ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের নাম	প্রকল্পের নাম ও কোড	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন, সাতক্ষীরা। (কোড নং-৫-২৭১১-৫২৩০)	অনুমোদিত	জিওবি ৩য় কিস্তির অর্থ	১.৭৯	৯৭৫.০০	৯৭৬.৭৯

তবে শর্ত থাকে যে,


- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে ;
 - (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
 - (গ) ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।
- ০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের “সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন”, (কোড নং-৫-২৭১১-৫২৩০) শীর্ষক প্রকল্প হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে-(শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণ যোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।
- ০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত কোড/সাবকোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না। সময় ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী ও প্রকল্পের অব্যয়িত অর্থ হতে ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্থ ছাড় করা হলো।
- ০৫। অর্থ বিভাগের ১৩/১১/২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হলো।


(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোন : ৯৫৫৭১৪৪
তারিখ : ০৫/০১/২০১৭ খ্রি :

নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০৬.২০১৩-(১ম খন্ড)-০৭/১(১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব-(বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। যুগ্ম-সচিব, আর্থিক ব্যবস্থাপনা অডিট ইউনিট-(এফএমএ ইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঢাকা, বাংলাদেশ সচিবালয়,
- ০৪। প্রকল্প পরিচালক, সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল, সাতক্ষীরা।
- ০৫। উপ-সচিব, বাজেট অনুবিভাগ-১ (শাখা-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপ-প্রধান-(স্বাস্থ্য), পরিকল্পনা উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা।
- ০৯। অতিরিক্ত সচিব-(আ: ব্য: অ:)/(হাসপাতাল), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্ম-সচিব-(প্রবা)/যুগ্ম-প্রধান-(পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোন : ৯৫৫৭১৪৪
e-mail: saspi2@mohfw.gov.bd